138

দৈনিক ইনকিলাব

তারিখ 14 MAR 1998
পৃষ্ঠা ৩ কলাম ৮

# চট্টগ্রাম ভার্সিটি শিক্ষক সমিতি নির্বাচনে ২২ জনের মনোনয়নপত্র পেশ

আঃ মালেক ঃ পূর্বঘোষিত তফসিল অনুযায়ী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ১১টি পদে নির্বাচনের জন্যে গতকাল (মঙ্গলবার) ২২ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। আগামী ১৯ মার্চ এই নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। গতবারের মতো এবারো দু'টি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করছে। প্যানেল দু'টি হচ্ছে বাংলাদেশী জাতীয়তাবাদে বিশ্বাসী 'সাদা প্যানেল' এবং বাঙালী জাতীয়তাবাদে বিশ্বাসী 'গোলাপী প্যানেল'। সাদা প্যানেলের প্রার্থীগণ হলেন- সভাপতি প্রফেসর ইউসুফ শরীফ আহমদ খান (সামুদ্রিক বিজ্ঞান), সহ-সভাপতি অধ্যাপক জামাল আনোয়ার (দর্শন), সাধারণ সম্পাদক প্রফেসর সিদ্দিক আহমদ চৌধুরী (রাজনীতি বিজ্ঞান), সহ-সাধারণ সম্পাদক রেজাউল করিম মামুন (ইসলামের ইতিহাস), কোষাধ্যক্ষ সৈয়দ মোহাম্মদ আতহার (ব্যবস্থাপনা), সদস্য প্রার্থী (৬ জন) যথাক্রমে- প্রফেসর এম এ সালেহ (রসায়ন), প্রফেসর নূরুদ্দীন চৌধুরী (মার্কেটিং), প্রফেসর সাব্বির আহমদ (ইসলামের ইতিহাস), প্রফেসর মুনীর আহমদ চৌধুরী (রাজনীতি বিজ্ঞান), ডঃ আবুল কালাম আজাদ (অর্থনীতি) ও অধ্যাপক হায়াত হোসেন (ইতিহাস)।

গোলাপী প্যানেলের প্রার্থীগণ হলেন- সভাপতি অধ্যাপিকা হামিদা বানু (পদার্থ বিজ্ঞান), সহ-সভাপতি ডঃ শাহ আলম (আইন), সাধারণ সম্পাদক ডঃ সুলতান আহমদ (হিসাব বিজ্ঞান), সহ-সাধারণ সম্পাদক এমদাদুল হক (পরিসংখ্যান), কোষাধ্যক্ষ প্রফেসর আলমগীর (উদ্ভীদ বিজ্ঞান), সদস্য প্রার্থী (৬ জন) যথাক্রমে- প্রফেসর মোঃ আলাউদ্দীন (রসায়ন), প্রফেসর আবদুল মজিদ (রসায়ন), ডঃ গোলাম কিবরিয়া ভূঁইয়া (ইসলামের ইতিহাস), ডঃ সালেহ উদ্দীন (অর্থনীতি), ডঃ গণেশ চন্দ্র রায় (গণিত) ও অধ্যাপক আবদুল গফুর খান (প্রাণিবিদ্যা)। আগামী ১৪ ও ১৬ মার্চ অগ্রীম ভোট গ্রহণ করা হবে বলে জানা গেছে।